



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

ঋণ আদায় বিভাগ।

নং-প্রকা/আদায়-০৯(১০৪)বিবিধ/২০১৬-২০১৭/২২০(২২৩৩)

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করে সুদ মওকুফের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। সুদ মওকুফ নীতিমালা সংক্রান্ত ডিএমডি-২(ঋণ আদায়) পরিপত্র নং- ০১/২০১৬ তারিখ ০৪-০৮-২০১৬ এর ত্রমিক ৩(৯) এ ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণ হিসাবের সুদ মওকুফ সংক্রান্ত প্রস্তাব বিবেচনার পূর্বে অনাদায়ী ঋণের টাকা আদায়ের লক্ষ্যে ঋণের বিপরীতে প্রদত্ত জামানতি সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন -২০০৩ এর ১২ ধারা মোতাবেক বিক্রির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ব্যাংক কর্তৃক জামানতি সম্পত্তি বিক্রি করতে ব্যর্থ হলে সেক্ষেত্রে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে মর্মে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন অঞ্চল/শাখা কর্তৃক উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে এবং পর্যাপ্ত জামানত থাকা সত্ত্বেও কোনরূপ আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করে প্রধান কার্যালয়ে সুদ মওকুফের প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে, যা ব্যাংকের জন্য ক্ষতিকর এবং কাজেরও বিঘ্ন ঘটে। বিষয়টি খুবই অনিষ্টপ্ৰেত।

- ৩। এমতাবস্থায়, প্রধান কার্যালয়ের বর্ণিত নির্দেশনা অনুযায়ী যথাসময়ে এবং যথাযথভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

(নাসিমা বেগম)

মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-০৯(১০৪)বিবিধ/২০১৬-২০১৭/

তারিখঃ ২৫-০৯-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়।
০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি(সিস্টেমস)বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০২। সকল ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

(মোঃ ইমতিয়াজ আলী)

সহকারী-মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)